দৈনিক ইত্তেফাক

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ ...25 DEC 1988...
পৃষ্ঠা... 1 ...কলাম... 5 ...

14

# বুয়েট ক্যাম্পাসে ব্যারিকেড, ভাংচুর

(বিশ্ববিদ্যালয় রিপোর্টার)

ক্লাস টেষ্ট বাতিল ও ছাত্র বৃত্তির পরিমাণ বৃদ্ধির দাবীতে বুয়েটের ছাত্ররা গতকাল ক্যাম্পাসে ভাঙচুরের ঘটনা ঘটায়। ছাত্ররা অনির্দিষ্টকালের জন্য ক্লাস বর্জনের সিদ্ধান্ত নিয়াছে। এদিকে শিক্ষকদের সাথে অশোভন

(২য় পৃঃ দ্রঃ)

## বুয়েট ক্যাম্পাস

(১ম পৃঃ পর)

রণের নিন্দা করিয়া বুয়েট শিক্ষক মিতি দোষী ছাত্রদের শাস্তি দাবী রিয়াছে। সমিতি বলিয়াছে, ৭ই নুয়ারীর মধ্যে কর্তৃপক্ষ কার্যকর দক্ষেপ গ্রহণ না করিলে শিক্ষকরা র্মবিরতি শুরু করিবেন।

জানা যায়, শুক্রবার গভীর তে ছাত্ররা ক্যাম্পাসের বিভিন্ন স্তায় ব্যারিকেড সৃষ্টি করে। ল গতকাল দুপুর পর্যন্ত ক্যাম্পাসে কশা ছাড়া কোন যানবাহন চলাকরিতে পারে নাই। ছাত্ররা ক্লাস বর্জন করিয়া প্রশাসনিক ভবনের ক্ষতিসাধন করে। একটি সূত্রের মতে কর্তৃপক্ষের আশ্বাস অনুযায়ী গত ২১শে ডিসেম্বর একাডেমিক কাউন্সিলের সভা অনুষ্ঠিত না হওয়ায় ছাত্ররা গতকাল এই ঘটনা ঘটাইয়াছে। এই সভায় ক্লাস টেস্টের ব্যাপারে চূড়ান্ত সিদ্ধান্ত নেওয়ার কথা ছিল। বিষয়টি বিশদ আলোচনার জন্য ৪ঠা জানুয়ারী একাডেমিক কাউন্সিলের সভা আহ্বান করা হইয়াছে। আন্দোলনরত কয়েকজন ছাত্র সভা পিছাইয়া দেওয়ার ঘটনাকে 'টালবাহানা' হিসাবে আখ্যা দিয়াছে।

বুয়েট শিক্ষক সমিতি গতকাল এক জরুরী সভায় ক্যাম্পাসের ঘটনার নিন্দা করিয়াছে। সমিতির সভাপতি প্রফেসর মীর মোবাশ্বের আলীর সভাপতিত্বে অনুষ্ঠিত এই সভায় বলা হয়, শুক্রবার গভীর রাতে কিছুসংখ্যক ছাত্র শিক্ষকদের আবাসিক এলাকায় বিভিন্ন রাস্তায় ব্যারিকেড সৃষ্টি করে। তাহারা গতকাল একাডেমিক অফিস ও শিক্ষকদের আবাসিক এলাকায় ভাংচুরের ঘটনা ঘটায় এবং শিক্ষকদের বাসভবনে ইটপাটকেল নিক্ষেপ করিয়া অশোভন উক্তি ও গালিগালাজ করে। সভায় ৭ই জানুয়ারীর মধ্যে গতকালের ঘটনায় জড়িত ব্যক্তিদের দৃষ্টান্তমূলক শাস্তি দাবী করিয়া বলা হয়, নির্দিষ্ট সময়ের মধ্যে কর্তৃপক্ষ এ ব্যাপারে কার্যকর কোন পদক্ষেপ না নিলে শিক্ষকরা কর্মবিরতি শুরু করিবেন।

বুয়েটের ভিসি প্রফেসর ডঃ মোশারফ হোসেন গতকালের ঘটনাকে শিক্ষার পরিবেশের প্রতি হুমকি স্বরূপ আখ্যা দিয়া বলেন, ঘটনায় দোষী ছাত্রদের বিরুদ্ধে অবশ্যই ব্যবস্থা নেওয়া হইবে।